

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৪.২৬-

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ-এর বাংলাদেশ গেজেট ৬ মে ২০১৫ খ্রিঃ তারিখ প্রকাশিত এস.আর. ও নং ৮৯-আইন/২০১৫, ১২ জুলাই ২০১৬ এস.আর. ও নং ২২৭-আইন/২০১৬, ১৩ নভেম্বর ২০২৬ এস.আর. ও নং ৩৩৬-আইন/২০১৬ এবং ১৩ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ প্রকাশিত এস.আর. ও নং ২৩২-আইন/২০১৭ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) অনুযায়ী কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলাধীন মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশ (দফাদার ও মহাদ্দার) এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নধীন আশ্রয়ী পুরুষ/মহিলা প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদের নাম	শূন্য পদ সংখ্যা	নিয়োগ পদ্ধতি	বেতন ও ভাতাদি
০১	মোহনগঞ্জ	--	দফাদার	০১ টি	দফাদার পদোন্নতি/সরাসরি নিয়োগের মাধ্যমে	দফাদারঃ সরকারী অংশ ৪,০০০/- টাকা ও ইউপি অংশ ৪,০০০/- টাকা। মাসিক বেতন মোট = ৮,০০০/- (আট হাজার) টাকা ও অন্যান্য ভাতাদি
০২		২, ৩, ৪, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড	মহাদ্দার	০৬ টি	মহাদ্দারঃ সরাসরি নিয়োগের মাধ্যমে	মহাদ্দারঃ সরকারী অংশ ৩,৭৫০/- টাকা ও ইউপি অংশ ৩,৭৫০/- টাকা। মাসিক বেতন মোট = ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা ও অন্যান্য ভাতাদি

বয়স	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা	মন্তব্য
সর্বনিম্ন ১৮ বছর সর্বোচ্চ ৩২ বছর	দফাদার পদোন্নতির ক্ষেত্রেঃ মহাদ্দার পদে অনূন ১০ (দশ) বছরের চাকুরী। দফাদার সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হতে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মহাদ্দার নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অনূন অষ্টম শ্রেণীতে উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	পুরুষ প্রার্থীর ক্ষেত্রেঃ সর্বনিম্ন উচ্চতা : ৫ ফুট ২ ইঞ্চি, ব্রকের মাপ : ৩০ ইঞ্চি (সাপ্রসারণ), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন : ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ সর্বনিম্ন উচ্চতা : ৫ ফুট, ব্রকের মাপ : ২৮ ইঞ্চি (সাপ্রসারণ), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন : ৪৫ কেজি।	

শর্তাবলী :

- আবেদনকারীকে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (১১/০৮/২০২৬ খ্রিঃ) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ পূর্বক আগামী ১১/০৮/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রামপুলিশ নিয়োগ/বাছাই কমিটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর বরাবর দরখাস্ত পৌছাতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ প্রদান অবশ্যই সংযুক্ত করতে হবে :
(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৪(তিন) কপি ছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র (ঘ) ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র (ঙ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধন সনদ পত্রের সত্যায়িত কপি (চ) সরকারী বিধি অনুযায়ী কোটাসমূহের প্রমাণক পত্রের সত্যায়িত কপি।
- আবেদনকারীর বয়স ১১/০৮/২০২৬ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে (পদোন্নতি ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। (বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিড গ্রহণযোগ্য নয়।
- খামের উপর ইউনিয়ন, ওয়ার্ড নং ও প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।
- গ্রামপুলিশ (মহাদ্দার) পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট ওয়ার্ডের পার্শ্ববর্তী ওয়ার্ড হতে যোগ্যতাসম্পন্ন প্রার্থী নির্বাচন করে মহাদ্দার-এর শূন্য পদে জনবল নিয়োগ করা হবে।
- গ্রামপুলিশ (দফাদার) পদে নিয়োগের ক্ষেত্রে গ্রামপুলিশ কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের যোগ্যতাসম্পন্ন প্রার্থী নির্বাচন করে দফাদার-এর শূন্য পদে জনবল নিয়োগ করা হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগ প্রদানের ক্ষেত্রে নিয়োগ ও বাছাই কমিটির সিদ্ধান্ত/সুপারিশ চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষর

(সায়েকুল হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ)
ও
সভাপতি
গ্রামপুলিশ নিয়োগ/বাছাই কমিটি
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৪.২৬-৭৬৫/১(৩০)

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :

- জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
- অফিসার ইনচার্জ, রাজিবপুর/চুমুমাথা থানা, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
- সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
- চর রাজিবপুর, কুড়িগ্রাম।
- ইউপি সচিব, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি তার ইউনিয়নের হাট-বাজারে চোল-সরহতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- উদ্যোক্তা, ইউপি ডিজিটাল সেন্টার,.....ইউপি। (উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধসহ)
- অফিস কপি/নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ)
চর রাজিবপুর, কুড়িগ্রাম।